

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮০৮  
আগরতলা, ৩০ ডিসেম্বর, ২০২৩

**ইংরেজি নববর্ষ উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা**

ইংরেজি নববর্ষ-২০২৪ উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘নতুন আশা ও প্রত্যাশা নিয়ে প্রতিটি নতুন বছর আমাদের কাছে আসে। পুরাতন বছরের অভিজ্ঞতা, জ্ঞান এবং নতুন নতুন কর্ম প্রয়াসের সাথে সকলকে যুক্ত করে জনগণের প্রত্যাশা পূরণে রাজ্য সরকার কাজ করতে দায়বদ্ধ। রাজ্যকে শ্রেষ্ঠ রাজ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজীর মার্গ দর্শনকে পাথেয় করে সরকারের বহুমুখী কর্মপ্রয়াসে নতুন বছর উল্লেখযোগ্য হয়ে উঠুক। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় রাজ্যের বহুমুখী উন্নয়নের পথে আমরাও এগিয়ে যেতে চাই। এটাই হোক নতুন বছরের অঙ্গীকার। নতুন বছর সকলের জন্য আনন্দের বার্তা নিয়ে আসুক। আমি সকল রাজ্যবাসীর সুখ-সমৃদ্ধি, সুস্থিতা ও সম্প্রীতি কামনা করছি।’

\*\*\*\*\*